

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৯, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্রজ্ঞাপন

তারিখ: ৩ বৈশাখ ১৪৩৩/১৬ এপ্রিল ২০২৬

নং ০৩.০০.০০০০.০০০.০৬৬.৯৯.০০০১.২৫(অংশ-১).৫৭—সুশাসন, জনসেবার মানোন্নয়ন এবং উদ্ভাবন কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিট (জিআইইউ)-এর ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ০৩.০০.০০০০.০৮২.০৮.০১৪.২০২০-১৯৯ নম্বর প্রজ্ঞাপনমূলে গঠিত স্টিয়ারিং কমিটি ও স্ট্র্যাটেজি কমিটি নিম্নরূপে পুনর্গঠন করা হলো:

ক) স্টিয়ারিং কমিটির গঠন: মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে জাতীয় স্টিয়ারিং কমিটি কাজ করবে।

- | | | |
|----|--|-------|
| ১. | জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা,
জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ২. | জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর, প্রধানমন্ত্রীর উপদেষ্টা,
অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব মাহুদী আমিন, প্রধানমন্ত্রীর উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | জনাব রেহান আসিফ আসাদ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা, ডাক,
টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | মন্ত্রিপরিষদ সচিব | সদস্য |
| ৬. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | সদস্য |

(১৬৯৫৫)

মূল্য : টাকা ৪.০০

কার্যপরিধি:

- ক) জিআইইউ এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুমোদন করা এবং বিদ্যমান কার্যক্রমসমূহের অগ্রগতি পর্যালোচনা করা;
- খ) স্ট্র্যাটেজি কমিটিকে দিক-নির্দেশনা প্রদান করা;
- গ) বছরে অন্তত একবার স্ট্র্যাটিক কমিটির সভা অনুষ্ঠিত হবে;
- ঘ) কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।
- খ) স্ট্র্যাটেজি কমিটির গঠন: নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে স্ট্র্যাটেজি কমিটি গঠিত হবে। এই কমিটির সভাপতি জিআইইউ এর ইউনিট চিফ হিসেবে দায়িত্ব পালন করবেন।

১. জনাব মোঃ ইসমাইল জবিউল্লাহ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা, জনপ্রশাসন মন্ত্রণালয়	সভাপতি
২. জনাব রেহান আসিফ আসাদ, প্রধানমন্ত্রীর উপদেষ্টা, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়	বিকল্প সভাপতি
৩. মন্ত্রিপরিষদ সচিব	সদস্য
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব	সদস্য
৫. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়	সদস্য
৬. সচিব, অর্থ বিভাগ	সদস্য
৭. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	সদস্য
৮. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
৯. পলিসি/প্রযুক্তি/উদ্ভাবন বিষয়ক প্রধানমন্ত্রী মনোনীত ০১ জন বিশেষজ্ঞ	সদস্য

কর্মপরিধি:

- ক) কমিটি জিআইইউ-কে নীতিগত পরামর্শ ও কৌশলগত সহায়তা প্রদান করবে।
- খ) কমিটি ত্রৈমাসিক সভায় মিলিত হবে। প্রয়োজনে বিশেষ সভা আহ্বান করা যাবে।
- গ) প্রয়োজনে বিষয়ভিত্তিক টাস্কফোর্স গঠন করা যাবে। এরূপ টাস্কফোর্স এর গঠন, কার্যপরিধি ইউনিট চিফ কর্তৃক নির্ধারিত হবে এবং পরবর্তী স্ট্র্যাটেজি কমিটির সভায় অবহিত করা হবে।

- ঘ) কমিটি প্রয়োজনে এজেন্ডা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/দপ্তর এর প্রধান/প্রতিনিধি এবং বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।
- গ) সাধারণ বিধানাবলি:
- ক) উভয় কমিটির সদস্যগণ অবৈতনিক ও সাম্মানিক সদস্য হবেন।
- খ) জিআইইউ-এর মহাপরিচালক উভয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবেন। মহাপরিচালকসহ জিআইইউ টিম ইউনিট চিফ এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে কাজ করবেন।
- গ) সরকার প্রয়োজনে এই ইউনিটের দায়িত্ব ও কর্মপরিধি পুনর্নির্ধারণ করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আব্দুল ওয়াদুদ চৌধুরী
মহাপরিচালক (প্রশাসন)।